

RS-12

১৬ জন বুদ্ধিজীবীর বিবৃতি

সরকারই মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় অচলাবস্থা সৃষ্টি করেছেন

বেসরকারী মাধ্যমিক স্তরের শিক্ষকদের কর্মঘণ্টার ফলে শিক্ষা ক্ষেত্রে উদ্ভূত সংকটের পরিপ্রেক্ষিতে ১৬ জন বিশিষ্ট বুদ্ধিজীবী, সাহিত্যিক, সাংবাদিক, বিভিন্ন পেশাজীবী সংস্থার নেতৃবৃন্দ এবং ছাত্র নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে বলেছেন, সংকট নিরসনের পরিবর্তে শিক্ষক প্রেক্ষতার ও নির্যাতনের মাধ্যমে সরকার নিজেই পরিস্থিতির অবনতি ঘটিয়ে অপরিণামশক্তির পরিচয় দিয়েছেন এবং মাধ্যমিক শিক্ষা ব্যনহীন অচলাবস্থার সৃষ্টি করেছেন।

গতকাল রোববার বেলা এই (শেষ পৃ: ৫-এর ক: স:)

১৬ জন বুদ্ধিজীবীর বিবৃতি

(১ম পাতার পর)
বিবৃতিতে বলা হয়, সরকার ও সরকারী মহলের সংকীর্ণ চিন্তা ও একতরফী মৌলিকভাবেই লক্ষ লক্ষ ছাত্রছাত্রী তথা গোটা জাতির আশা-আকাঙ্ক্ষার চেয়ে ভালো হতে পারে না। বিবৃতিতে প্রেক্ষিতকৃত শিক্ষকদের অবিলম্বে মুক্তি দিয়ে আলাপ-আলোচনার মাধ্যমে উদ্ভূত সংকট নিরসনের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

বিবৃতিতে স্বাক্ষরদাতাদের মধ্যে আছেন বেগম সুফিয়া কামাল, অধ্যাপক কবীর চৌধুরী, জনাব আবু জাফর শামসুদ্দীন, জনাব শওকত ওদয়ান, ড: সিরাজুল ইসলাম চৌধুরী, জনাব শামসুল হক চৌধুরী, অধ্যাপক ন, আবতালুজ্জামান, জনাব কে, এম সাদউদ্দিন, ছাত্রনেতা আবতালুজ্জামান, শিরীন আবতাল, মশিউর রহমান প্রমুখ।

শিক্ষক সমন্বয় পরিষদ
বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ এক বিবৃতিতে জানিয়েছেন যে, আগামী ২০শে মার্চ বৃহস্পতিবার বিকেল ৩টা পর্যন্ত সকাল ১১টার চাকা কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ অনুষ্ঠিত হবে।

বিবৃতিতে মহা সমাবেশকে সফল করার জন্য দেশের সর্বত্র সভা, সমাবেশ ও মিছিলের মাধ্যমে ব্যাপক প্রচারণা চালানোর কর্মসূচী ঘোষণা করা হয়।